**জমি / বাড়ি / ফ্ল্যাট**



জমি / বাড়ি / ফ্ল্যাট/ দোকান / গ্যারেজ / অফিস - "কিনতে" অথবা "বিক্রি" করতে চাইলে যোগাযোগ করুন - 9062867921



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**কবিতা / গল্প**

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 23 SEPTEMBER 2025 ,TUESDAY | ২৩ সেপ্টেম্বর ২০২৫ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-402


## আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চালু হলো অত্যাধুনিক প্রযুক্তির ডিজিটাল এক্সরে মেশিন




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের দন্ত বিভাগে সোমবার থেকে চালু হলো অত্যাধুনিক প্রযুক্তির ডিজিটাল এক্সরে মেশিন। এদিন মেশিনটির উদ্বোধন করেন আলিপুরদুয়ার জেলা হাসপাতাল রুগি কল্যান সমিতির চেয়ারম্যান ও আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল। এক্সরে মেসিন এর উদ্বোধন কর তিনি জানান এই মেশিনের সাহায্যে এখন থেকে দাঁতের রুট ক্যানাল ট্রিটমেন্ট সহ সমস্ত ধরনের চিকিৎসা বিনামূল্যে করানোর সুযোগ পাবেন সাধারন মানুষ। এই অত্যাধুনিক প্রযুক্তির ডিজিটাল এক্সরে মেশিন কেনার জন্য অর্থ অনুমোদন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আর একারনে বিধায়ক তাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

## ছিয়াশিটি হারানো মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দিলো প্রধাননগর থানা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২২ সেপ্টেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন প্রধাননগর থানার পুলিশ ছিয়াশিটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে ফিরিয়ে দিলো। জানা গেছে সোমবার প্রধাননগর থানায় আয়োজিত হয় এই ফিরিয়ে দেওয়া কর্মসূচি। প্রধাননগর থানার আই সি বাসুদেব সরকার জানান মোবাইল ফোন গুলি।হারিয়ে যাওয়ার অভিযোগ পেয়ে পুলিশ কর্মীরা তদন্তে নেমে এগুলো উদ্ধার করে। উদ্ধারের পর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে প্রকৃত মালিকদের শনাক্ত করার পর তাদের থানায় ডেকে পাঠিয়ে তাদের হাতে মোবাইল ফোন গুলি তুলে দেওয়া হয়। পুজোর আগে হারিয়ে যাওয়া মোবাইল ফোন গুলি ফেরত পেয়ে মালিকদের মুখে ছিলো আনন্দের ঝিলিক। তারা পুলিশকে এই উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

## পুজো উদ্যোক্তাদের নিয়ে সমন্বয় বৈঠক ও চেক বিতরন মালবাজার মহকুমা প্রশাসনের




নিজস্ব সংবাদদাতা , এই যুগ, জলপাইগুড়ি, ২২ সেপ্টেম্বর : জলপাইগুড়ি জেলার মালবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে সোমবার আয়োজিত হয় মহকুমার পুজো উদ্যোক্তাদের নিয়ে এক সমন্বয় বৈঠক ও নিবন্ধিত পুজো উদ্যোক্তাদের সরকারি চেক বিতরন। জানা গেছে এদিন মালবাজার থানায় এই অনুষ্ঠানটি আয়োজিত হয়। রাজ্য সরকার ঘোষিত এক লক্ষ দশ হাজার টাকা পুজো অনুদানের চেক নিবন্ধিত পুজো কমিটি গুলির হাতে তুলে দেওয়া হয়। পাশাপাশি প্রশাসনের পক্ষ থেকে পুজো কমিটি গুলিকে নিরাপত্তা ও শৃঙ্খলা নিয়ে দিক নির্দেশনা দেওয়া হয়। জানা গেছে অগ্নি নিরাপত্তা, জরুরি সেবা প্রস্তুতি, বৈদ্যুতিক সুরক্ষা, ভীড় নিয়ন্ত্রন সহ ট্রাফিক ব্যবস্থা, সিসি টিভি লাগানো প্রভৃতি বিষয়ে পুজো উদ্যোক্তাদের পরামর্শ দেওয়া হয়। উপস্থিত ছিলেন মন্ত্রী বুলু চিক বরাইক, অতিরিক্ত পুলিশ সুপার সমীর আহমেদ, মালবাজার মহকুমা পুলিশ আধিকারিক দেশমুখ রোশন প্রদীপ, মালবাজারের মহকুমাশাসক, অগ্নি নির্বাপন, বিদ্যুৎ ও বিভিন্ন বিভাগের প্রতিনিধিগন।

## বৈদ্যুতিক চুল্লী মেরামতের দাবি সহ পৌর সভায় বিভিন্ন দুর্নীতির প্রতিবাদে পৌরসভা ঘেরাও করলো বিজেপি




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার পৌরসভা এলাকার শ্মশানের একমাত্র বৈদ্যুতিক চুল্লী দ্রুত মেরামতের দাবি জানিয়ে ও পৌরসভার বিভিন্ন দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে সোমবার বিজেপির আলিপুরদুয়ার নগর মন্ডলের পক্ষ থেকে পৌরসভা ঘেরাও ও স্মারকলিপি পেশ করা হয়। দলের আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস জানান এদিন মিছিল করে দলীয় কর্মী সমর্থকরা পৌরসভায় যান ও পৌর চেয়ারম্যান কে স্মারকলিপি প্রদান করেন। তিনি আরও বলেন পৌরসভা নিয়ন্ত্রিত মহাশ্মশানের একমাত্র বৈদ্যুতিক চুল্লীটি দীর্ঘদিন ধরে খারাপ হয়ে আছে। সেটি দ্রুত মেরামতের দাবি সহ পৌরসভার বিভিন্ন দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে স্মারকলিপি প্রদান করা হয়। পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর স্মারকলিপি গ্রহন করে জানান শ্মশানের বৈদ্যুতিক চুল্লী মেরামত এর প্রক্রিয়া শুরু হয়েছে। অন্যান্য দাবি গুলি সম্পর্কে বিবেচনা করা হবে। বিজেপির আলিপুরদুয়ার নগর মন্ডল সভাপতি ইন্দ্রজিত রক্ষিত বলেন এদিন দাবি গুলি নিয়ে সদর্থক আলোচনা হয়েছে।

# কিশোরীকে উদ্ধার করল শামুকতলা থানার পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : বিয়ের দাবিতে পাত্রের বাড়িতে এসে ঘরে ঢুকে গেল একটি কিশোরী। কিশোরীকে উদ্ধার করে তার পরিবারের হাতে তুলে দেওয়ার পর তাকে বাড়িতে নিয়ে যাবার পথে শামুকতলা থানার ৫০০ মিটারের মধ্যেই টোটো থেকে ঝাঁপ দিল কিশোরী সোমবার বিকেল চারটা নাগাদ। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানার পুলিশ মহলে। গত দুদিন আগে ওই কিশোরী শামুকতলা থানা এলাকার একটি গ্রামে যুবকের বাড়িতে চলে এসেছিল ।এরপর তার বাড়ির লোকেরা এসে তাকে নিয়ে যায়। সোমবার পুনরায় ওই কিশোরী আবার প্রেমিকের বাড়িতে চলে আসে বিয়ের দাবি নিয়ে। কিশোরীর অভিযোগ তার বাড়িতে তাকে প্রচন্ড অত্যাচার করছে তার বাবা-মা সহ পরিবারের অন্যান্যরা । তাই বাধ্য হয়ে প্রেমিকের বাড়িতে চলে এসেছে বিয়ের জন্য। এদিকে কিশোরীর বয়স ১৬ বছর ৭ মাস এই বয়সে বিয়ে দেওয়া সম্ভব নয় সরকারি আইন অনুযায়ী। এমন কথা বলার পরেও কিশোরী স্পষ্টভাবে জানিয়ে দিল সে প্রেমিকের বাড়িতেই মেয়ে হিসেবেই থাকবে প্রয়োজনে প্রেমিক বাইরে গিয়ে কোথাও দেড় বছর কাটিয়ে আসুক তারপর তারা বিয়ে করবেন। এদিকে বিষয়টি পুলিশের কাছে পৌঁছানোর পরেই সোমবার বেলা বারোটা নাগাদ ওই বাড়িতে গিয়ে পৌঁছায় শামুকতলা থানার পুলিশ। কিশোরীকে শামুকতলা থানায় নিয়ে আসে পুলিশ। পুলিশ কিশোরীর বাবা মা দিদি আমায় এসে কিশোরীকে বুঝিয়ে বাড়ি নিয়ে যাবার জন্য রওনা দেন। থানা থেকে বের হয়েই ৫০০ মিটারের মধ্যেই কিশোরী টোটো থেকে ঝাপ দেন। পরবর্তীতে তাকে আবার থানায় নিয়ে আসে তার অভিভাবকরা। তাকে হোমে পাঠাবে জানিয়েছে পুলিশ।

# বিশালাকার গোখরো উদ্ধার বনকর্মীদের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : টটপাড়া থেকে একটি পূর্ণবয়স্ক গোখরো সাপ উদ্ধার করল শামুকতলা সাউথ রায়ডাক রেঞ্জের বনকর্মীরা সোমবার বিকেল চারটা নাগাদ। বনকর্মীদের সূত্রে জানা গেছে টটপাড়া এলাকায় একটি বাড়ির ঘরের ভিতর থেকে সাপটিকে উদ্ধার করা হয়েছে। সাপটি পূর্ণবয়স্ক এমনটাই জানিয়েছেন বনকর্মীরা। রাতেই সাপ টিকে বক্সার জঙ্গলে ছেড়ে দেওয়া হবে।

# রেল এবং বনদপ্তরের সাফল্য হাতি মৃত্যু নিয়ে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : যৌথ উদ্যোগে হাতি মৃত্যুর রোধ করে দিল রেল এবং বনদপ্তর। আর এর ফলে দুই দপ্তরকে সাধুবাদ জানাচ্ছেন আমজনতা। প্রায় দুই দশকের মধ্যে এই প্রথম, আলিপুরদুয়ার–শিলিগুড়ি রেলপথে গত দুই বছরে একটি হাতিও ট্রেনের ধাক্কায় মারা যায়নি। বন দফতর ও রেল বিভাগের ঘনিষ্ঠ সমন্বয়ের ফলেই এই ঐতিহাসিক সাফল্য সম্ভব হয়েছে।২০০৪ সালে ব্রডগেজে রূপান্তরের পর থেকে ১৬৫ কিলোমিটার দীর্ঘ এই রেলপথটি বুক্সা, জলদাপাড়া, গরুমারা ও চাপরামারি অরণ্যের ভেতর দিয়ে যায়। তখন থেকেই হাতি মৃত্যুর ঘটনা প্রায় নিয়মিত ঘটে এসেছে—এখন পর্যন্ত ৭৮টি হাতি এই পথে ট্রেনের ধাক্কায় মারা যায়। ঘটনাগুলি জনমনে প্রবল ক্ষোভ সৃষ্টি করে, এমনকি পরিবেশবিদরা একসময় দুয়ার্সে ট্রেন পরিষেবা বন্ধ করার দাবিও তুলেছিলেন।এই অচলাবস্থা ভাঙতে বন ও রেল দফতর একযোগে কাজ শুরু করে। যৌথ মনিটরিং কমিটি গঠন, রেলওয়ের কন্ট্রোল রুমে বনকর্মীদের নিযুক্ত করে (রিয়েল-টাইম) হাতি চলাচলের খবর পৌঁছে দেওয়া, এবং নির্দিষ্ট করিডরে ট্রেনের গতি কঠোরভাবে সীমাবদ্ধ করা হয়। পাশাপাশি রেলওয়ে অত্যাধুনিক ব্যবস্থা গ্রহণ করে, যার মধ্যে 'ইন্ট্রুউশন ডিটেকশন সিস্টেম' (IDS) বিশেষভাবে কার্যকর হয়েছে।
"শেষ দুর্ঘটনাটি ঘটেছিল আগস্ট ২০২৩-এ। তারপর থেকে আমাদের যৌথ প্রচেষ্টায় আর একটি হাতিও ট্রেন দুর্ঘটনায় মারা যায়নি," জানান আলিপুরদুয়ার বিভাগীয় রেল ম্যানেজার দেবেন্দ্র সিং। তিনি আরও বলেন, "IDS-এর পাশাপাশি আমরা আরও নতুন প্রযুক্তি চালুর চেষ্টা করছি। অন্যদিকে বনকর্মীদের টহল ও তথ্য আমাদের ট্রেনের গতি নিয়ন্ত্রণে সাহায্য করছে।"সোমবার ডিআরএম দফতরে রাজ্যস্তরের সমন্বয় বৈঠকে এই অগ্রগতির পর্যালোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গের বন সংরক্ষক (বন্যপ্রাণ), ভাস্কর জে.ভি., বুক্সা টাইগার রিজার্ভ, জলদাপাড়া ও গরুমারা জাতীয় উদ্যানের কর্মকর্তারা এবং রেল কর্তৃপক্ষ।ভাস্কর জে.ভি. জানান, "এই বার্ষিক পর্যালোচনা বৈঠকে আমরা IDS-এর কার্যকারিতা যাচাই করি। পাশাপাশি আমাদের নতুন সিসিটিভি নেটওয়ার্কের মাধ্যমে কীভাবে হাতি চলাচলের তথ্য রেলের সঙ্গে ভাগ করা যায়, তা নিয়েও আলোচনা হয়েছে। এ নিয়ে শীঘ্রই একটি পাইলট প্রকল্প শুরু হবে।বর্তমানে ব্রডগেজ-৩ লাইনের হাতি করিডরগুলি স্পষ্টভাবে চিহ্নিত এবং সংবেদনশীল এলাকাগুলিতে ট্রেনকে বাধ্যতামূলকভাবে কম গতিতে চলতে হচ্ছে। ফলে দুই দফতরই বিশ্বাস করছে, রেল যোগাযোগ ও বন্যপ্রাণ সংরক্ষণের মধ্যে সহাবস্থানের একটি টেকসই মডেল অবশেষে খুঁজে পাওয়া গেছে।



# লাগাতার শ্রমিক বিক্ষোভের জেরে কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে স্বীকৃত হলেন চা বাগানের ম্যানেজার



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের পাটকাপাড়া চা বাগানের শ্রমিকরা কুড়ি পার্সেন্ট বোনাসের দাবিতে গত কয়েকদিন ধরেই লাগাতার বিক্ষোভ প্রদর্শন করছিলেন। তাদের দাবি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর ঘোষণা মতো কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে হবে। কিন্তু চা বাগানের মালিকপক্ষ কিছুতেই কুড়ি পার্সেন্ট হারে বোনাস দিতে রাজী হচ্ছিলেননা। সোমবার ও কাজে যোগ না দিয়ে শ্রমিকরা চা বাগানের গেটের সামনে বোনাসের দাবিতে বিক্ষোভ প্রদর্শন শুরু করেন। সিকাল থেকে কয়েক ঘন্টা বিক্ষোভ চলার পর বিক্ষোভস্থলে আসেন চা বাগানের ম্যানেজার। তিনি বিক্ষোভ প্রদর্শনকারী শ্রমিকদের সাথে কথা বলে জানান এমাসের চব্বিশ ও পঁচিশ তারিখ শ্রমিকদের দাবি মতো কুড়ি পার্সেন্ট হারে বোনাস প্রদান করা হবে। এই ঘোষনায় শ্রমিকদের মধ্যে আনন্দের ঝিলিক খেলে যায়। তবে এদিন চা বাগানে কোনো কাজ হয়নি।

# আলিপুরদুয়ারে গুলি করে হত্যা ,তদন্তে পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা শহর সংলগ্ন ৩১ নম্বর জাতীয় সড়কে পোরো বস্তিতে এক ব্যক্তিকে গুলি করে হত্যার অভিযোগ তার স্ত্রীর। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ময়নাতদন্তের রিপোর্ট আসার পরেই মৃত্যুর কারণ জানা যাবে জানিয়েছেন আলিপুরদুয়ার পুলিশ। এক ব্যাক্তির মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য ছড়ালো আলিপুরদুয়ার শহর সংলগ্ন এলাকায়। মৃতের পরিবারের দাবি গুলি করে হত্যা করা হয়েছে সুভাষ কুজুর নামে কালচিনি এলাকার বাসিন্দাকে। সুত্রের খবর এদিন ৩১ জাতীয় সড়কের ধারে পোরো এলাকায় আহত অবস্থায় তাকে উদ্ধার করে আলিপুরদুয়ার হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা। চিকিৎসকের প্রাথমিক অনুমান শরীরে ক্ষত আছে সম্ভবত গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের পর মৃত্যুর আসল কারণ জানা যাবে।মৃত ব্যক্তির স্ত্রী দাবি দাবী করে হত্যা করা হয়েছে তার স্বামীকে । তার দাবি তিন জায়গায় গুলি চিহ্ন আছে তার স্বামীর শরীরে। মৃতের স্ত্রী আরো জানান তাদের নিকট আত্মীয়ের সাথে জমি নিয়ে বিবাদ চলছিল তার। অভিযোগ তারাই গুলি করেছে তার স্বামী কে।পুলিশ ঘটনা তদন্ত শুরু করেছে। পুলিশ সূত্রে জানা গেছে মৃত ব্যক্তির ময়নাতদন্ত শেষে আসল কারন জানা যাবে । দুর্গাপূজার প্রাক্কালে এমন ঘটনায় নানা মহলে নানা রকম প্রশ্ন উঠে আসছে।

# সেবা পক্ষকাল উপলক্ষ্যে রুগীদের ফল ও অন্যান্য সামগ্রী বিতরন করলেন বিধায়ক



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ সেপ্টেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পঁচাত্তরতম জন্মদিন উপলক্ষ্যে বিজেপি কর্মী সমর্থকরা দেশ জুড়ে উদযাপন করছেন সেবা পক্ষকাল। এই সেবা পক্ষকাল উদযাপনের অঙ্গ হিসাবে সোমবার আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি গ্রামীন হাসপাতালে ভর্তি থাকা রুগীদের মধ্যে ফল ও অন্যান্য সামগ্রী বিতরন করলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওঁরাও। বিধায়কের সাথে ছিলেন বিজেপির আলিপুরদুয়ার জেলা সম্পাদক বিপ্লব দাস, কুমারগ্রাম বিধানসভা কনভেনর বিজয় বড়ুয়া সহ অন্যান্যরা।

# গাঁজা সমেত এক ব্যক্তিকে গ্রেফতার করলো পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : গাঁজা সমেত এক ব্যক্তিকে গ্রেফতার করল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে সোমবার রাত দশটা নাগাদ। অভিযুক্ত জয়দীপ দাস কে মঙ্গলবার আলিপুরদুয়ার জেলা আদালতের তোলা হবে। তার বিরুদ্ধে মামলা শুরু হয়েছে। গোপন খবরের ভিত্তিতে এদিন বিকেল নাগাদ শামুকতলা থানার মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ শিব কাটা এলাকার জয়দীপ দাসের বাড়িতে থানা দেয় পুলিশ। অভিযুক্ত জয়দীপের বিছানার নিচে লুকানো প্রায় চার কেজি গাঁজা উদ্ধার করে পুলিশ। রাত আটটা নাগাদ ম্যাজিস্ট্রেট তথা আলিপুরদুয়ার ২ ব্লকের বিডিও তনুজ পাঠক আইএএস ঘটনাস্থলে পৌঁছালে তার উপস্থিতিতে গাঁজা গুলি উদ্ধার করে শামুকতলা থানায় নিয়ে আসেন। এদিন এই অভিযানে নেতৃত্ব দেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক সহ শামুকতলা থানার বিশাল পুলিশ বাহিনী।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |